বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

৫৩.০৩.০০০০.০৭৫.০২২.০০৩.১৮ ৩০ জানুয়ারি , ২০১৮

বিজ্ঞপ্তি

বিষয়ঃ খসড়া প্রবিধানমালার বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে ।

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শন ও তথ্য চাহিবার ক্ষমতা প্রবিধানমালা, ২০১৮ এর খসড়া বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে (www.idra.org.bd)→Latest News । উক্ত খসড়া প্রবিধানের বিষয়ে আপনার সুচিন্তিত মতামত আগামী ১৫ দিনের মধ্যে ই-মেইলে (aindept.idra@gmail.com) অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর হার্ডকপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য নির্ধারিত সময়ের মধ্যে খসড়া প্রবিধানের বিষয়ে বিশেষজ্ঞগণ এবং সর্বসাধারণও মতামত প্রদান করতে পারবেন।

৩০/০১/২০১৮
(ড. মহাঃ বশিরুল আলম)
পরিচালক (যুগ্মসচিব)

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব ,আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়)
২। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, সাধারন বীমা কর্পোরেশন।
৩। প্রেসিডেন্ট বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
৪। জনাব মো: সাঈদ কুতুব, উপ-সচিব (আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়)
৫। প্রেসিডেন্ট বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা (লাইফ): আলফা ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/বায়রা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/বেস্ট লাইফ ইন্স্যুঃ লিঃ/চার্টার্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডেল্টা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডায়মন্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/গোল্ডেন লাইফ ইন্স্যুঃ লিঃ/গার্ডিয়ান লাইফ ইন্স্যুঃ লিঃ/হোমল্যান্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/লাইফ ইন্স্যুঃ কর্পোঃ অব বাংলাদেশ লিঃ/যমুনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/মেঘনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/মেটলাইফ/ন্যাশনাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/এনআরবি গ্লোবাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/পদ্মা ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি লাইফ ইন্স্যুঃ লিঃ/পপুলার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/রূপালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সন্ধানী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/স্বদেশ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানলাইফ ইন্স্যুঃ কোং লিঃ/ট্রাস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ।
৭।মুখ্য নির্বাহী কর্মকর্তা (নন-লাইফ): অগ্রণী ইন্স্যুঃ কোঃ লিঃ/এশিয়া ইন্স্যুঃ লিঃ/এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুঃ লিঃ/বাংলাদেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সেন্ট্রাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সিটি জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/কন্টিনেন্টাল ইন্স্যুঃ লিঃ/ক্রিষ্টাল ইন্স্যুঃ কোঃ লিঃ/দেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/ঢাকা ইন্স্যুঃ লিঃ/ইষ্টল্যান্ড ইন্স্যুঃ কোঃ লিঃ/ইষ্টার্ণ ইন্স্যুঃ কোঃ লিঃ/এক্সপ্রেস ইন্স্যুঃ লিঃ/ফেডারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/গ্লোবাল ইন্স্যুঃ লিঃ/গ্রীণ ডেল্টা ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী কমার্শিয়াল ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী ইন্স্যুঃ বাংলাদেশ লিঃ/জনতা ইন্স্যুঃ কোঃ লিঃ/কর্ণফুলী ইন্স্যুঃ কোঃ লিঃ/মেঘনা ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেনটাইল ইন্স্যুঃ কোঃ লিঃ/নিটল ইন্স্যুঃ কোঃ লিঃ/নর্দার্ণ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/প্যারামাউন্ট ইন্স্যুঃ কোঃ লিঃ/পিপলস্ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফিনিক্স ইন্স্যুঃ কোঃ লিঃ/পাইওনিয়ার ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রভাতী ইন্স্যুঃ কোঃ লিঃ/পূরবী জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/রিলায়েন্স ইন্স্যুঃ লিঃ/রিপাবলিক ইন্স্যুঃ কোঃ লিঃ/রূপালী ইন্স্যুঃ কোঃ লিঃ/সেনা কল্যাণ ইন্স্যুঃ কোঃ লিঃ/সিকদার ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনার বাংলা ইন্স্যুঃ লিঃ/স্ট্যান্ডার্ড ইন্স্যুঃ লিঃ/সাউথ এশিয়া ইন্স্যুঃ কোঃ লিঃ/তাকাফুল ইসলামী ইন্স্যুঃ লিঃ/ইউনিয়ন ইন্স্যুঃ কোঃ লিঃ/ইউনাইটেড ইন্স্যুঃ কোঃ লিঃ।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ
ঢাকা-১০০০।

এস, আর, ও নং --------/২০১৮ ।- বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ৪৯ এবং ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

১। শিরোনামঃ (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শন ও তথ্য চাহিবার ক্ষমতা প্রবিধানমালা , ২০১৮ নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই প্রবিধানমালায়:-
(১) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন);
(২) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২নং আইন) এর ধারা ৩ এর উপধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
(৩) "বীমাকারী" অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ এর উপধারা (২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী;
(৪) "পরিদর্শন" অর্থ একটি আনুষ্ঠানিক পরীক্ষা বা পর্যালোচনা;
(৫) "লাইফ ইন্স্যুরেন্স" অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ৫ উপধারা (২) এ বর্ণিত মানব জীবন সংক্রান্ত বীমা চুক্তি সমূহকে বুঝাইবে;
(৬) "নন-লাইফ ইন্স্যুরেন্স" অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ৫ উপধারা (৩) এ বর্ণিত মানব জীবন সংক্রান্ত চুক্তি ব্যতিত অন্য সকল শ্রেণীর বীমা চুক্তিকে বুঝাইবে;
(৭) "শাখা/কার্যালয়" অর্থ বীমাকারীর শাখা ও কার্যালয় স্থাপন (লাইসেন্স প্রাপ্তির আবেদন) প্রবিধান, ২০১২ এর প্রবিধি-২ (খ) মোতাবেক বীমাকারী কর্তৃক নিয়োজিত এক বা একাধিক বেতন ভূক্ত ব্যক্তি কাজ করে এমন স্থাপন;
(৮) "বীমা দাবী" অর্থ বীমাকৃত ব্যক্তি বা তার পক্ষে মনোনীতক বীমা পলিসির শর্তানুসারে কোন loss বা ক্ষতির সম্মুখীন হলে বীমা প্রতিষ্ঠানের নিকট এ সকল ক্ষতিপূরণের জন্য যে আনুষ্ঠানিক অনুরোধ বা আবেদন করে তাকে বুঝাইবে;
(৯) "প্রস্তাব পত্র" অর্থ প্রস্তাবক কর্তৃক প্রদত্ত বীমা প্রতিষ্ঠানের নির্ধারিত ফরমে চাহিদা মোতাবেক সকল তথ্য প্রদান পূর্বক বীমা পলিসি গ্রহণের জন্য একটি আবেদন পত্র;
(১০) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে;

৩। পরিদর্শন পদ্ধতিঃ (১) কর্তৃপক্ষ সময়ে সময়ে বীমাকারীর কাযর্ক্রম পযর্বেক্ষণের জন্য একজন সুপারভাইজারী কর্মকর্তার অধীনে এক বা একাধিক পরিদর্শন দল গঠন করিয়া পরিদর্শনের কাযর্ক্রম পরিচালনা করিতে পারিবেন।
(২) পরিদর্শন দল বীমাকারীর প্রধান কার্যালয় বা শাখা কার্যালয়ে রক্ষিত পলিসি রেজিষ্টার, দাবি রেজিষ্টার, প্রিমিয়াম সংগ্রহ রেজিষ্টার, ব্যাংক রেজিষ্টার, নগদায়ন বহি ইত্যাদি সহ লেনদেন সমূহ পরিদর্শন করিতে পারিবেন।
(৩) পরিদর্শনের কাজ শেষ হইবার পর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সময় ও নির্ধারিত পদ্ধতি অনুসরণ পূর্বক কর্তৃপক্ষের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবেন।

৪। পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা পূর্বক বীমাকারীর নিকট নোটিশের মাধ্যমে পরিদর্শন দলের পযর্বেক্ষণ মোতাবেক কোন তথ্য বা দলিলাদির প্রয়োজনীয়তা পরিলক্ষিত হইলে নোটিশ প্রদানের মাধ্যমে কর্তৃপক্ষ চাহিতে পারিবে এবং বীমাকারী তাহা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানে বাধ্য থাকিবে।

৫। পরিদর্শন প্রতিবেদন মোতাবেক কোন অনিয়ম বা আইন লংঘন করিলে বীমাকারীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদানের লক্ষ্যে কর্তৃপক্ষ জবাব প্রদানের নির্দিষ্ট সময় উল্লেখ পূর্বক বীমাকারীকে নোটিশ প্রদানের মাধ্যমে ব্যাখ্যা চাইতে পারিবে এবং সেই সাথে শুনানীর সুযোগ প্রদানের বিষয়টিও অবহিত করিতে পারিবে।

৬। বীমাকারীর লিখিত ব্যাখ্যা এবং শুনানীতে উপস্থিত হয়ে প্রদানকৃত ব্যাখ্যায় অনিয়ম ও আইন লংঘনের বিষয়টি প্রমাণিত হইলে কর্তৃপক্ষ প্রযোজ্য ক্ষেত্রে বীমা আইন, ২০১০ ধারা ১৩০, ধারা ১৩১, ধারা ১৩২, ধারা ১৩৩, এবং ধারা ১৩৪, এর বিধান মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

৭। কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পরিদর্শন পরিচালনায় বীমাকারী অসম্মতি জ্ঞাপন করিলে বা অসহযোগিতা প্রদান করিলে বা কর্তৃপক্ষের আবশ্যিক তথ্য প্রদানের ব্যর্থতা বা কর্তৃপক্ষের সম্মুখে উপস্থিত হওয়ার নির্দেশনা উপেক্ষা করিলে উহার জন্য অভিযুক্ত হইবে এবং অপরাধী সাবস্ত্য হইলে অপরাধের মাত্রা বিবেচনায় নিয়ে কর্তৃপক্ষ বীমা আইন, ২০১০ এর ধারা ১০ বা ধারা ৪৯ উপধারা (৪) এর বিধান মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

(মোঃ শফিকুর রহমান পাটোয়ারী)
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ